

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১১৮৬ ৩২/ জিহাদ (کتاب الجهاد) পরিচ্ছেদঃ ৩২/৪৫. যিকারাদের যুদ্ধ ইত্যাদি।

غزوة ذي قرد وغيرها

## আরবী

حديث سلَمَة بْنِ الأَكْوَعِ، قَالَ: خَرَجْتُ قَبْلَ أَنْ يُؤَذَّنَ بِالأُولَى، وَكَانَتْ لِقَاحُ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْحَدْثُ لِعَبْدِ الرَّحْمِنِ بْنِ عَوْف فَقَالَ: أَخِذَتْ لِقَاحُ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةِ، ثَمَّ الْدَفَعْتُ فَصَرَخْتُ ثَلَاثَ صَرَخَات، يَا صَبَاحَاهُ قَالَ: فَأَسْمَعْتُ مَا بَيْنَ لاَبَتِي الْمَدِينَةِ، ثُمَّ الْدَفَعْتُ عَلَى وَجْهِي حَتَّى الْمَدِينَةِ، ثُمَّ الْدُفَعْتُ عَلَى وَجْهِي حَتَّى الْمَدِينَةِ، ثُمَّ الْدُفَعْتُ عَلَى وَجْهِي حَتَّى الْمَدِينَةِ، ثُمَّ الْدُفَعْتُ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالنَّاسُ، فَقُلْتُ يَوْمُ الرُّضَّعِ وَأَرْتَجِزُ حَتَّى السَّتنْقَذْتُ اللِّقَاحَ مِنْهُمْ، وَقَدْ أَخَذُوا يَسْتَقُونَ مِنَ الْمَاءِ، فَجَعَلْتُ أَرْمِيهِمْ بِنَبْلِي وَكُنْتُ رَامِيًا، وَأَقُولُ: أَنَا ابْنُ الأَكُوعُ الْيَوْمُ يَوْمُ الرُّضَّعِ وَأَرْتَجِزُ حَتَّى السَّتنْقَذْتُ اللِّقَاحَ مِنْهُمْ، وَقَدْ أَخَذُوا يَسْتَقُونَ مِنَ الْمَاءِ، فَجَعَلْتُ أَرْمِيهِمْ بِنَبْلِي وَكُنْتُ رَامِيًا، وَأَقُولُ: أَنَا ابْنُ الأَكُوعُ الْيَوْمُ يَوْمُ الرُّضَّعِ وَأَرْتَجِزُ حَتَّى السَّاعَة فَقَالَ: يَا ابْنَ الأَكُوعِ وَالسَّتَلَبْتُ مِنْهُمْ السَّاعَة فَقَالَ: يَا ابْنَ الأَكُوعِ مَلْكُمْ تَ فَأَسْجِحْ قَالَ: يَا ابْنَ الأَكُوعِ مَنْ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى نَاقَتِهِ، مَنَى دَخَلْنَا الْمَدِينَة

## বাংলা

১১৮৬. সালামাহ ইবনু আকওয়া (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, (একদা) আমি ফাজ্বরের সালাতের আযানের আগে বাইরে বের হলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর দুধেল উটগুলোক যি-কারাদ জায়গায় চরানো হতো। সালামাহ (রাঃ) বলেন, তখন আমার সঙ্গে 'আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)-এর গোলামের দেখা হলো। সে বলল, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর দুধেল উটগুলো লুট করা হয়েছে। জিজ্ঞেস করলাম, কে ওগুলো লুট করেছে? সে বলল, গাতফানের লোকরা। তিনি বলেন, তখন আমি ইয়া সাবাহা বলে তিনবার উচ্চস্বরে চীৎকার করলাম। আর মদীনার দু' পর্বতের মাঝে অবস্থিত মানুষদের কানে আমার আওয়াজ শুনিয়ে দিলাম। তারপর দ্রুত অগ্রসর হয়ে তাদেরকে পেয়ে গেলাম।

এ সময়ে তারা উটগুলোক পানি পান করাতে শুরু করেছিল। তখন তাদের দিকে তীর নিক্ষেপ করলাম, আমি



ছিলাম একজন দক্ষ তীরন্দাজ আর বললাম, আমি হলাম আকওয়া-এর পুত্র, আজকের দিনটি তোমাদের সবচেয়ে খারাপ দিন। এভাবে আমি তাদের নিকট হতে উটগুলোক কেড়ে নিলাম এবং তাদের ত্রিশখানা চাদরও কেড়ে নিলাম। তিনি বলেন, এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও অন্যান্য লোক সেখানে আসলে আমি বললাম, হে আল্লাহর নবী! লোক কটি পিপাসার্ত ছিল, আমি তাদেরকে পানি পান করতেও দেইনি। আপনি এখনই এদের পিছু ধাওয়া করার জন্য সৈন্য পাঠিয়ে দিন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

হে ইবনুল আকওয়া'! তুমি (হারানো উট দখল করতে) সক্ষম হয়েছ, এখন একটু বিশ্রাম নাও।

সালামাহ (রাঃ) বলেন, এরপর আমরা ফিরে আসলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তাঁর উটনীর পেছনে বসিয়ে নিলেন, এভাবে মদীনায় প্রবেশ করলাম।

## ফুটনোট

সহীহুল বুখারী, পূর্ব ৬৪ : মাগাযী, অধ্যায় ৩৮, হাঃ ৪১৯৪; মুসলিম, পর্ব ৩২: জিহাদ, অধ্যায় ৪৫, হাঃ ১৮০৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন